ভোরের কাগজ

তারিখ ··· APR. 2 7 1999
পৃষ্ঠা 7 কলাম 8

থানায় মামলা, কারী পলাতক

# মাদ্রাসা কারীর বিরুদ্ধে ৮ শিশু বলাৎকারের অভিযোগ

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী মহানগরীর শাহ মখদুম থানার দেওয়ানপাড়া দারুল উলুম মাদ্রাসায় কারী জাহিদুল ইসলামের দ্বারা ১০ বছরের কম বয়সী আট জন ছাত্র যৌন নির্যাতনের শিকার হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে মাদ্রাসার ৯ বছর বয়সী এক পড়ুয়া শিশুর বাবা বাদী হয়ে থানায় একটি মামলা করেছেন।

শাহ মখদুম থানা পুলিশ জানায়, মাদ্রাসার কারি জাহিদ ঐ মাদ্রাসায় পড়ুয়া বিভিন্ন শিশুকে পর্যায়ক্রমে বলাৎকার করে। যৌন লালসা চরিতার্থ করার জন্য উক্ত কারী একটি মেহমানখানাও তৈরি করেছে। মাদ্রাসায় বর্তমানে দুই শতাধিক ছাত্র রয়েছে। কারী জাহিদ এই ছাত্রদের মধ্য থেকে বাছাই করে নির্দিষ্ট শিশুকে তার মেহমানখানায় নিয়ে বলাৎকার করতো। মাদ্রাসার আরো সাতজন ছাত্র একই অভিযোগ পুলিশের কাছে উত্থাপন করেছে।

অভিযোগ উত্থাপিত হওয়ার পরপরই অভিযুক্ত কারী মাদ্রাসা থেকে পালিয়েছে। এদিকে শিশুর প্রতি যৌন নির্যাতনের অভিযোগ শিশু ও নারী নির্যাতন আইনে লিপিবদ্ধ করার নিয়ম থাকলেও সংশ্লিষ্ট থানায় মামলা নেওয়া হয়েছে ৩৭৭ ধারায়। যা আইনবিরুদ্ধ বলে আইনজ্ঞরা অভিযোগ করেন। ঘটনার খবর পেয়ে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ অকুস্থলে যান।